দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL 29 1999
পৃষ্ঠা ৮ কলাম ৬

# কিন্ডারগার্টেন এসোসিয়েশনের সভা

চট্টগ্রাম অফিস ॥ গত ২২ জুলাই বাংলাদেশ কিণ্ডার গার্টেন এসোসিয়েশন চট্টগ্রাম আঞ্চলিক শাখার এক সভায় কিণ্ডারগার্টেন স্কুলকে সহজ-শর্তে রেজিষ্ট্রেশন সুবিধা এবং ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে বই' দেওয়ার দাবী জানানো হয়। সভায় কিণ্ডারগার্টেন বিদ্যালয়সমূহকে সরকারী নীতিমালার আওতায় অন্তর্ভুক্ত করায় সন্তোষ প্রকাশ করিয়া ইহাকে একটি মাইল ফলক হিসাবে উল্লেখ করা হয়। এসোসিয়েশনের চট্টগ্রাম আঞ্চলিক শাখার চেয়ারম্যান অধ্যক্ষ মুহাম্মদ রেজাউল করিম চৌধুরীর সভাপতিত্বে সারমন প্রি-ক্যাডেট স্কুল এণ্ড কলেজে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন শিক্ষা সচিব আর কে রুদ্র মুহাম্মদ দিদারুল ইসলাম, শেখ মুহাম্মদ আজম, এম কে দাশ, অধ্যক্ষ মৃদুল কান্তি বড়ুয়া, অধ্যক্ষ নূরুল বশর, অধ্যক্ষ ফৌজুল আজিম প্রমুখ।